

**যাওয়ার আগে কৌড (আচরণ বিধি) জেনে নিন...**

স্কটল্যান্ডের প্রাকৃতিক পরিবেশ উপভোগ করুন! আমোদ প্রমোদ, শিক্ষা লাভ ও স্থান থেকে স্থানান্তরে যাওয়ার জন্য অধিকাংশ ভূমি ও আভ্যন্তরীণ জলাশয়ে যাওয়া ও প্রবেশ করার অধিকার প্রত্যেকেরই রয়েছে। এই যাওয়া ও ব্যবহারের অধিকার ও পালনীয় দায়-দায়িত্বগুলো স্কটিশ আউটডোর একসেস কৌড (Scottish Outdoor Access Code)-এ বর্ণনা করা হয়েছে। এটির মৌলিক বিষয়গুলো হলো:

কোনো প্রাকৃতিক স্থানে যাওয়ার পর:

- দায়িত্বশীল আচরণ করবেন, এবং নিজের ও অন্যদের নিরাপত্তা বিধিত করে এমন কোনো কাজ করবেন না;
- অন্য লোকদের ব্যক্তিগত ব্যাপারের প্রতি সম্মান প্রদর্শন করবেন এবং তাদের শান্তি ভঙ্গ করবেন না;
- নিরাপদে ও ফলপ্রসূ উপায়ে কাজ করে যেতে ভূমির ব্যবস্থাপকদেরকে (ল্যান্ড ম্যানেজারদেরকে যেমন কৃষক, ফরেস্টার, ফিশারির মালিকদেরকে) সাহায্য করবেন;
- পরিবেশের যত্ন নেবেন, যেখানে সেখানে আর্বজনা না ফেলে বাড়িতে নিয়ে যাবেন;
- আপনার কুকুর যথাযথ ভাবে সামলে রাখবেন;
- ঐসব স্থানে কোনো আচার অনুষ্ঠানের আয়োজন করলে বা ব্যবসা পরিচালনা করলে বাড়তি যত্ন নেবেন।

আপনি যদি প্রাকৃতিক স্থানের ব্যবস্থাপক হন তাহলে:

- আপনার অধীনস্থ প্রাকৃতিক স্থানে জনগণের প্রবেশাধিকারের প্রতি সম্মান প্রদর্শন করবেন;
- প্রাকৃতিক ভূমি ব্যবস্থাপনার কাজ, যেমন চাষাবাদ করা হচ্ছে বা গাছগাছালি কাটা হচ্ছে এমন স্থানগুলো এড়িয়ে চলার জন্য লোকদেরকে অনুরোধ করার সময় ভদ্রতা ও নম্রতা বজায় রাখবেন;
- জনগণের প্রবেশাধিকারের প্রতি সম্মান দেখানো এবং এর সাথে সাথে ভূমি ব্যবস্থাপনার কাজ চালিয়ে যাওয়ার লক্ষ্যে আপনার লোক্যাল অথোরিটির ও অন্যান্য প্রতিষ্ঠানের সাথে সহযোগিতার ভিত্তিতে কাজ করবেন;
- জনগণের পথের অধিকার ও সাধারণ প্রবেশাধিকারের প্রতি সম্মান দেখাবেন।

[www.outdooraccess-scotland.com](http://www.outdooraccess-scotland.com) ওয়েবসাইটে গিয়ে এবং অথবা আপনার এলাকার স্কটিশ ন্যাচারেল হেরিটেজ অফিসকে ফোন করে বিস্তারিত জেনে নিন।